**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Indian Largest Economic

জাপানকে টপকে ভারত গোটা বিশ্বে অর্থ ব্যবস্থায় চতুর্থ স্থানে উঠে এসেছে | নীতি আয়োগের CEO BVR সুব্রামনিয়ম নয়াদিল্লীতে নীতিআয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠকের পর সাংবাদিকদের এই তথ্য জানান | তিনি আশা প্রকাশ করেন আগামী আড়াই থেকে ৩ বছরের মধ্যে ভারত জার্মানিকে টপকে বিশ্ব অর্থ ব্যবস্থার তৃতীয় স্থানে উঠে আসবে | IMF -এর তথ্য অনুযায়ী ভারত চার ট্রিলিয়ন ডলারের উপর রয়েছে | প্রথম দুটি স্থানে রয়েছে আমেরিকা ও চীন |

*************************

## Nazrul Jayanti:

আজ কবি কাজি নজরুল ইসলামের ১২৬ তম জন্ম জয়ন্তী। রাজ্যেও কবির জন্মদিন পালনে সরকারী ও বেসরকারী উদ্যোগে নানা কর্মসূচী নেওয়া হয়েছে। সকালে আগরতলার নজরুল কলা ক্ষেত্রে তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে প্রভাতী কবি প্রনামের আয়োজন করা হয়েছে। এছাড়া নজরুল স্মৃতি মঞ্চ, অগ্নিবীণার মতো বেসরকারী সংস্থার পক্ষ থেকে নজরুল সঙ্গীত, নৃত্য, কবিতার মধ্যে দিয়ে কবির জন্ম জয়ন্তী পালন করা হবে। নজরুল জয়ন্তী উপলক্ষে আজ রাজ্যে সরকারী ছুটি।

***************

## PM- Meeting

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল  নয়াদিল্লিতে এনডিএ শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রীদের এক বৈঠকে পৌরহিত্য করেন। সুশাসন সংক্রান্ত একদিনের এই বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং বিজেপি সভাপতি জে পি নাড্ডাও উপস্থিত ছিলেন। বৈঠকে অপারেশন সিঁদুরের সাফল্যের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভারতীয় সেনাবাহিনীকে ধন্যবাদ জানিয়ে একটি প্রস্তাব পাস হয়। এছাড়াও দেশে আসন্ন জনগণনার সময় জাতভিত্তিক গণনার সিদ্ধান্ত নেওয়ার কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়ে অপর একটি প্রস্তাব পাস হয়।

******************

## ৪ DGP Visit:

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ জানিয়েছেন, রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি যথেষ্ট সন্তোষজনক। জনগণের সাথে নিবিড় সম্পর্ক গড়ে পুলিশ কাজ করছে। গতকাল  ঊনকোটি জেলা সদর কৈলাশহরে জেলার পুলিশ আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকের পর সাংবাদিকদের তিনি একথা জানান| তিনি বলেন, নেশামুক্ত রাজ্য গঠনে রাজ্যের মুখ্যমন্ত্রীর আহ্বান'কে গুরুত্ব দিয়ে পুলিশের নিরন্তর কর্মধারা জারি রয়েছে|

পরে পুলিশের মহানির্দেশক অনুরাগ ধর্মনগরে গিয়ে পুলিশ আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন|

*************************

## ৫ Walking Meditation for Well-being and World Peace:

বিশ্বের কল্যাণ ও শান্তির লক্ষ্যে মহাবোধি সোসাইটির উদ্যোগে সাব্রুমের মৈত্রী সেতু থেকে শুরু হওয়া ধর্মযাত্রা গতকাল  বিকেলে করবুক মহকুমার শুকনাছড়ি

মহাবোধি সোসাইটির বৌদ্ধ মন্দিরে পৌঁছেছে ।গতকাল  সকালে মনুবনকুলের ধম্মদীপা স্কুলে বৌদ্ধ ধর্মাবলম্বীদের কাছ থেকে পিন্ডচরন গ্রহন করে ভোজন সেরে শুকনাছড়ির উদ্দেশ্যে রওনা দেন দেশ - বিদেশের বৌদ্ধ ভিক্ষুরা। মাঝখানে মাগরুমে দুপুরের আহার ও বিশ্রামের জন্য কিছুক্ষন থামেন পদযাত্রীরা৷।বৌদ্ধ ভিক্ষুদের পিন্ডচরন দিতে বাড়ি থেকে ফল ভাত, পায়েশ রান্না করে এনে  রাস্তার দু- ধারে দাঁড়িয়ে বৌদ্ধভিক্ষুদের ভিক্ষাপাত্রে খাবারগুলি দান করেন বৌদ্ধ ধর্মাবলম্বী মানুষেরা। এদিন ২৮ কিমি পথ হেঁটে বিকেল চারটায় শুকনাছড়িতে পৌঁছে ধর্মযাত্রা। আজ সারাদিন  বিশ্রাম নিয়ে আগামীকাল রওয়ানা হবেন জলেয়ার উদ্দেশ্যে।

****************

**ফুটবল:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ইকফাই ফুটবল ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে অনুষ্ঠিত নৈশালোকে  খেলায় ইকফাই ফুটবল ক্লাব ২-0 গোলে ইয়ুথ ক্লাবকে পরাজিত করে।

**Senior Leag Cricket Tournament:**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র লীগ টুর্নামেন্টের গতকালের  ম্যাচে বাইখোড়ার কসমোপলিটান ক্লাব ৩১0 রানে অংকুর ইউনিটকে পরাজিত করে। বাইখোড়া মাঠে অনুষ্ঠিত ম্যাচে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে কসমোপলিটান নির্ধারিত ৫0 ওভারে ৯ উইকেট হারিয়ে ৪৫0 রান করে৷ জবাবে খেলতে নেমে অংকুর ইউনিট সব কোটি উইকেট হারিয়ে ১৪0 রান করতে সক্ষম হয় ।বিজয়ী দলের রাজদীপ দত্ত সর্বোচ্চ ১৩৬ রান করে।

*****************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি থাকবে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে, উত্তর ও ধলাই জেলায় ভারী বৃষ্টিপাতের পাশাপাশি ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

*********************

**************